

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬৭৪

২৯/ দু'আ ও যিকর

পরিচ্ছেদঃ ক্ষমাপ্রার্থনামূলক নির্দেশাবলী ক্ষমা প্রার্থনা করার আদেশ ও তার মাহাত্ম্য

আরবী

وَعَنْ ثَوبَانَ قَالَ: كَانَ رَسُوْلُ اللهِ عَلَيْ إِذَا انْصَرَفَ مِنْ صَلَاتِهِ، اسْتَغْفَرَ اللهَ ثَلاَثاً وَقَالَ اللهُمَّ أَنْتَ السَّلاَمُ وَمِنْكَ السَّلاَمُ تَبَارَكْتَ يَاذَا الجَلاَلِ وَالإِكْرَامِ قِيلَ لِلأَوْزَاعِيِّ - وَهُوَ أَحَدُ رُواتِهِ - : كَيفَ الاِسْتِغْفَارُ ؟ قَالَ: يَقُولُ: أَسْتَغْفِرُ اللهَ أَسْتَغْفِرُ اللهَ رَواه مسلم

বাংলা

(৩৬৭৪) সাওবান (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামাযান্তে সালাম ফিরে তিনবার ইস্তিগফার (আস্তাগফিরুল্লাহ) বলে এই দু'আ পড়তেন, 'আল্লা-হুন্মা আন্তাস সালা-মু অমিনকাস সালা-ম, তাবা-রাকতা ইয়া যাল জালা-লি অল ইকরা-ম।'

অর্থাৎ, হে আল্লাহ! তুমি শান্তি (সকল ক্রটি থেকে পবিত্র) এবং তোমার নিকট থেকেই শান্তি। তুমি বরকতময় হে মহিমময়, মহানুভব!

এ হাদীসের অন্যতম বর্ণনাকারী ইমাম আওযায়ীকে প্রশ্ন করা হল, ইস্তিগফার কিভাবে হবে? তিনি বললেন, 'বলবে, আস্তাগফিরুল্লাহ।' (আমি আল্লাহর কাছে ক্ষমা চাচ্ছি।)

ফুটনোট

(মুসলিম ১৩৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন